# Fair Design Printing Ltd

Fair Design

Shi-140/1 Chanpara, BashonSharak, Gazipursadar, Gazipur-1704, Bangladesh
Factory: +88 01534500252, Email: fair.design@gmail.com,www.fairdesign-bd.com

| পলিসি নং | পলিসির নাম | পলিসির উৎস | রিভিশন নং | কার্যকর তারিখ | পরবর্তি হাল নাগাদকরন |
|---|---|---|---|---|---|
| ই.এম.এস-০১ | পরিবেশ নীতিমালা (Environmental Policy) | ইসিআর-১৯৯৭ | ২ | ০৩-০১-২০২০ | ০২-০১-২০২১ |

বিতরন (Distributed to)

১। ব্যবস্থাপনা পরিচালক

২। নোটিশ

৩। অফিস কপি

## পলিসি হালনাগাদ করনের বিবরন (Policy revision History)

| সংশোধন অবস্থা (Revision) | তারিখ (Date) | পরিবর্তনের বর্ণনা (Description of Change) |
|---|---|---|
| Initial | ০১-০১-২০১৮ ইং | |
| ১ম সংশোধন | ০২-০১-২০১৯ ইং | |
| ২য় সংশোধন | ০২-০১-২০২০ ইং | |

পলিসি বাস্তবায়নে: এইচ আর, কমপ্লাইন্স এন্ড এডমিন ডিপার্টমেন্ট

পলিসি অনুমোদনে,

সাজ্জাদ হোসেন

ব্যবস্থাপনা পরিচালক

# Fair Design Printing Ltd

Fair Design

Shi-140/1 Chanpara, BashonSharak, Gazipursadar, Gazipur-1704, Bangladesh
Factory: +88 01534500252, Email: fair.design@gmail.com,www.fairdesign-bd.com

The Management of **Fair Design Printing Ltd.** is committed to maintain a safe and healthy workplace and clean environment due to its manufacturing activities by minimizing risk to people and property and adverse effect on environment and by complying relevant legal and other requirements.

1) Environmental performance shall be ensured during all operations to control pollution.

2) The company shall make informing, educating, training to all employees about EMS objectives.

3) Committed to continual improvement by risk Assessment; Waste minimization, "3R" concepts (Reduce, Reuse, Recycle).

ফেয়ার ডিজাইন প্রিন্টিং লিঃ এর কর্তৃপক্ষ কারখানার কর্মপরিবেশ নিরাপদ, স্বাস্থ্যসম্মত এবং দূষনমুক্ত পরিবেশ বজায় রাখতে অঙ্গিকারবদ্ধ যা উৎপাদন প্রক্রিয়া সংশ্লিষ্টলোকবল ও সম্পদকে ক্ষতিকর প্রভাব থেকে ঝুঁকিমুক্ত রাখতে, সকল আইনানুগ বিধিমালা মেনে পরিবেশ দূষন রোধে সচেষ্ট।

১। সকল পরিচালন প্রক্রিয়াকে দূষনমুক্ত রাখতে পরিবেশগত পদক্ষেপ নিশ্চিত করন।
২। কোম্পনীর সকল কর্মচারীকে ইএমএস এর উদ্দেশ্য অবহিত করন ও প্রশিক্ষন প্রদান।
৩। ঝুঁকি নিরুপন, বর্জ্যহ্রাস করন (হ্রাসকরন,পূনঃব্যবহার ও পূনঃব্যবহারযোগ্য করে তোলা) ইত্যাদির মাধ্যমে ক্রমাগত উন্নতিসাধন করা।

ফেয়ার ডিজাইন প্রিন্টিং লিঃ এর কর্তৃপক্ষ কারখানার কর্মপরিবেশ নিরাপদ, স্বাস্থ্যসম্মত এবং দূষনমুক্ত পরিবেশ বজায় রাখতে অঙ্গিকারবদ্ধ যা উৎপাদন প্রক্রিয়ায় সংশ্লিষ্ট লোকবল ও সম্পদকে ক্ষতিকর প্রভাব থেকে ঝুঁকিমুক্ত রাখতে, সকল আইনানুগ বিধিমালা মেনে পরিবেশ দূষন রোধে সচেষ্ট। আমরা এই ক্ষেত্রে নিম্নলিখিত মূলনীতিগুলো অনুসরন করবঃ

# Fair Design Printing Ltd

Fair Design

Shi-140/1 Chanpara, BashonSharak, Gazipursadar, Gazipur-1704, Bangladesh
Factory: +88 01534500252, Email: fair.design@gmail.com,www.fairdesign-bd.com

## কমপ্লায়্যান্স

পরিবেশের সাথে সম্পর্কিত সমস্ত প্রযোজ্য আইন এবং নিয়মকানুনের স্যাথে সমন্বয় করে আমরা আমাদের কার্যাবলি এবং পদ্ধতিসমূহ বাস্তবায়ন করব কমপ্লায়্যান্স সুনিশ্চত করার লক্ষ্যে।

## প্রতিরোধ

আমরা বিভিন্ন ধরনের ব্যবস্থাপনা পদ্ধতি এবং কার্যপ্রনালী প্রয়োগ করব যা বিশেষভাবে পরিকল্পিত থাকবে ঐ সমস্ত কার্যাবলী এবং অবস্থাকে প্রতিরোধ করার জন্য যা পরিবেশেরে জন্য হুমকি স্বরূপ। আমরা অত্যন্ত কঠোরভাবে চেষ্টা করব বায়ুমন্ডল, পানি এবং বায়ুতে কোন ক্ষতিকর পদার্থ ছড়িয়ে পড়া থেকে বিরত রাখতে। আমাদের কারখানায় যত ধরনের বর্জ্য তৈরি হবে তার বিষাক্ততা ও পরিমান কমানো জন্য এবং সঠিকভাবে নিস্কাশনের জন্য প্রয়োজনীয় সকল ব্যবস্থা নিব। পরিবেশ ব্যবস্থাপনার সকল টার্গেট (Target/Goal) সেট করব এবং প্রতি তিন মাস পরপর কারখানার ব্যবস্থাপকদের সাথে রিভিউ (Review) করতে হবে।

## যোগাযোগ

আমরা আমাদের অঙ্গিকারসমূহ আমাদের কর্মচারীদের, বিক্রেতাদের এবং ক্রেতাদের কাছে পৌঁছে দেব। তাদের সুপারিশসমূহ সভায় উপস্থাপন করব এবং তাদের উদ্দেশ্য পূরনের জন্য সাহায্য করব।

## ক্রমাগত উন্নয়ন

আমরা নিয়মিতভাবে সুযোগ খুঁজব এইসমস্ত মূলনীতির সাথে আনুষঙ্গিক বিষয়সমূহ উন্নয়নের এবং নির্দিষ্ট সময় পরপর আমাদের উন্নতির প্রতিবেদন স্টেকহোলডারদের নিকট প্রেরন করব।


# Fair Design Printing Ltd

Fair Design

Shi-140/1 Chanpara, BashonSharak, Gazipursadar, Gazipur-1704, Bangladesh
Factory: +88 01534500252, Email: fair.design@gmail.com,www.fairdesign-bd.com


## অর্গানাইজেশন চার্ট (Organization Chart)

এই নীতিমলা বাস্তবায়নে যে সকল ব্যক্তিবর্গের উপর দায়িত্ব অর্পন করা হয়েছে তা একটি সাংগঠনিক চিত্রের মাধ্যমে নিম্নে উপস্থাপন করা হলোঃ



Fair Design

# Fair Design Printing Ltd

Shi-140/1 Chanpara, BashonSharak, Gazipursadar, Gazipur-1704, Bangladesh
Factory: +88 01534500252, Email: fair.design@gmail.com,www.fairdesign-bd.com

**দায়িত্ব ও কর্তব্য (Responsibilities of Each Person):**

1. **Sayid Hossain (Managing Director):**
   - Providing decisions to perform Environmental Management System (EMS) activities smoothly.

2. **Md. Mominul Islam ( Manager-Accounts & Commercial)**
   - Ensuring all financial support for implementing EMS Activities.
   - Updating all Legal Licenses & Certificates.
   - Chemical order placement &follow-up up to in-house

3. **Md. Saiful (Manager-Compliance & EMS)**
   - EMS setup
   - Preparing all relevant policies
   - Coordinating all the works related with environmental sustainability
   - All legal license/permit monitoring
   - Monitoring checklist for Environmental Laws and Regulations
   - Cooperation with clients regarding on compliance & EMS issues
   - Monitoring overall performance of environmental team

4. **Md. Mohon Ali (Sr. Manager-Production)**
   - Ensuring safety in chemical use
   - Ensuringproper requisition of chemical purchasing as per buyers order & style.
   - Helping in EMS setup

5. **Tahmina Akter (Manager-HR, Compliance & Utility)**
   - Supporting EMS implementation activities
   - Helping for Environmental related training

6. **Md. Saiful Islam (ECR & MIS)**
   - Helping for EMS setup
   - Preparing waste, chemical & air emission inventory
   - Collecting data of Production, energy & water consumption
   - Ensuring safety from chemical use & hazardous waste
   - Conducting necessary training
   - Documentation of every environmental issues
   - Ensuring chemical purchase is according to the purchase policy
   - Ensuring chemical RSL, MRSL, GHS, Compliance Certificate, MSDS, TDS, buying, storage, usage and disposal are in proper way

7. **Md. Mamun Hossen (In-Charge -ETP)**
   - Keeping records of water, Wastewater consumption, diesel usage
   - Proper ETP Operation
   - Maintaining ETP related all documents.
   - Supporting environmental strategies by implementing necessary measures

8. **Md. Rafiqul Islam (Officer-Maintenance & Utility)**
   - Maintenance all machineries & keeping Record as per EMS
   - Help to collect all utility data

Fair Design

# Fair Design Printing Ltd

Shi-140/1 Chanpara, BashonSharak, Gazipursadar, Gazipur-1704, Bangladesh
Factory: +88 01534500252, Email: fair.design@gmail.com,www.fairdesign-bd.com

নিম্নোক্ত নীতিমালা সমূহ পরিবেশ সংরক্ষণ সংক্রান্ত নীতিমালা হিসেবে বিবেচ্য হবে। নীতিমালা সমূহ নিম্নে উল্লেখ করা হল ঃ

## ❖ বায়ু দূষণ রোধ সংক্রান্ত নীতিমালা ঃ

- ❖ কারখানার অভ্যন্তরে শ্রমিকদের স্বাস্থ্য সম্মত গ্রহণযোগ্য মাত্রার পর্যাপ্ত বায়ু সঞ্চালন নিশ্চিত করতে হবে।
- ❖ কারখানার সৃষ্ট দূষিত ধোঁয়া দ্বারা পারিপার্শ্বিক বায়ু দূষণ করা যাবে না।
- ❖ একান্তই দূষিত ধোঁয়া নিঃসরনের প্রয়োজন হলে তা নিয়ন্ত্রনের মধ্যে রাখতে হবে এবং লক্ষ্য রাখতে হবে যে, উহা যেন কারখানার শ্রমিক ও স্থানীয় জনসাধারনের স্বাস্থ্য হানির কারন না হয় ।
- ❖ লোকালয় বা জন সমাগমের স্থানে কোন কেমিক্যাল বা পচনশীল বর্জ্য ফেলা যাবে না ।
- ❖ শ্রমিকদের স্বাস্থ্যসম্মত বাতাস প্রাপ্তি নিশ্চিত করতে কারখানার ভিতরে বা কোন বদ্ধ স্থানে পর্যাপ্ত এগজষ্ট ফ্যানের ব্যবস্থা করতে হবে ।
- ❖ দূর্ঘটনা জনিত কারনে কখনো বায়ু দূষণ ঘটলে তা কারখানা ও স্থানীয় লোকজনকে দ্রুত অবগত করনের মাধ্যমে জরুরী ভিত্তিতে দূর্ঘটনার স্থান থেকে সরানোর ব্যবস্থা করতে হবে ।
- ❖ গার্মেন্টস কারখানার সকল সেকশনে উড়ন্ত তন্তুজ কণা ব্যাপকভাবে বায়ু দূষণ ঘটায়, বিধায় কার্যরত সকলকে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে ।
- ❖ বায়ু দূষণ ও এর প্রতিরোধ সম্পর্কে সকল স্তরের কর্মচারীদের অবহিত করতে হবে। দায়িত্বপ্রাপ্ত সকল সেকশন ইনচার্জগণ এ ব্যাপারে মূখ্য ভুমিকা পালন করবেন এবং নিয়মিত প্রচার ও প্রেষণার ব্যবস্থা করবেন
- ❖ পরিবেশ অধিদপ্তর থেকে কোন কারনে বায়ু দূষণ সম্পর্কে কোন অভিযোগ উথাপিত হলে তড়িৎ ব্যবস্থা গ্রহনের মাধ্যমে তার সমাধান করতে হবে ।

## ❖ পানি দূষণ রোধ সংক্রান্ত নীতিমালা ঃ

ক। কারখানার বর্জ্য, কেমিক্যাল বা দূষিত পানি/তরল সরাসরি নদীতে ফেলা যাবে না।

খ। যথাযথ পরিশোধন ব্যতীত কোন প্রকার পানি/তরল/বর্জ্য পদার্থ নদীতে ফেলা যাবে না ।

গ। কারখানা এলাকায় কর্মরত ও বসবাসরত কর্মকর্তা বা কর্মচারীদেরকে সার্বক্ষনিকভাবে সুপেয় পানির ব্যবস্থা করতে হবে।

ঙ। কখনো স্থানীয় জনসাধারন বা সরকারী কর্তৃপক্ষ হতে অত্র কোম্পানীর বিরুদ্ধে পানি দূষণের অভিযোগ উথাপিত হলে পরিচালক তা দ্রুত রোধ করার ব্যবস্থা করবেন ।

## ❖ শব্দ দূষণ রোধ সংক্রান্ত নীতিমালা ঃ

ক। কারখানার যে সকল মেশিন উচ্চ শব্দ সৃষ্টি করে সেগুলো এমনভাবে স্থাপন করতে হবে যেন সেস্থানে কর্মরত বা আশেপাশের লোকদের ক্ষতিগ্রস্থ না করতে পারে ।

খ। উচ্চ শব্দ সৃষ্টিকারী সকল মেশিন যথাযথ যন্ত্রের মাধ্যমে পরীক্ষা করে শব্দের মাত্রা নির্ধারন করতে হবে এবং মেশিনের পার্শ্বে দৃষ্টিযোগ্য স্থানে লিখে রাখতে হবে ।

গ। যে সকল মেশিন চালনার সময় মানব দেহের গ্রহনযোগ্য মাত্রার (৮০ ডি বি) চেয়ে বেশী শব্দ সৃষ্টি করে, সে সকল মেশিনের অপারেটরদের উক্ত শব্দ মাত্রা প্রতিরোধকারী ইয়ার মাফ (Ear Muff)/ ইয়ার প্লাগ (Ear Plug) ব্যবহার করতে হবে।

ঘ। উক্ত মেশিন সন্নিবেশিত কারখানায় পরিদর্শনকারী দর্শনার্থী বা কর্মকর্তাগনের জন্য অতিরিক্ত আরো ০৫ (পাঁচ) টি ইয়ার মাফ (Ear Muff)/ ইয়ার প্লাগ (Ear Plug) সংরক্ষণ করতে হবে ।

ঙ। সকল কারখানার ফ্লোরগুলোতে কোন ভারী যন্ত্র চালনা, ব্যবহার, সরানো বা প্রতিস্থাপনের সময় খেয়াল রাখতে হবে যে, সৃষ্ট শব্দ যেন মাত্রাতিরিক্ত শব্দ দূষণ না ঘটাতে পারে ।

চ। কাজের সময় কর্মীরা অযথা গল্প, কথাবার্তা বা চেঁচামেচি করবে না। এতে উক্ত ফ্লোরে শব্দ দূষনের মাত্রা বৃদ্ধি পেয়ে উৎপাদন হ্রাস পাওয়ার সম্ভাবনা থাকে। এ ব্যাপারে সেকশন ইনচার্জ, সুপারভাইজারগণ প্রতিনিয়ত দৃষ্টি রাখবেন ।

ছ। কারখানা এলাকায় যানবাহন সমূহের হর্ণ বাজানো সীমিত রাখতে হবে এবং মেইন গেটের পার্শ্ববর্তী এলাকা ব্যতিত অন্যান্য এলাকায় হর্ণ বাজানো নিষিদ্ধ ।

জ। একই বিল্ডিং বা ইমারতের বিভিন্ন ফ্লোরে গার্মেন্টস কারখানা ও শব্দ সৃষ্টিকারী কোন ইউনিট অবস্থান করলে সর্বদা লক্ষ্য রাখতে হবে যে, এগুলো যেন শব্দ দূষণ সৃষ্টি করে অন্যান্য কারখানার কর্মীদের কাজে কোনরূপ অসুবিধা সৃষ্টি না করতে পারে ।

## ❖ বর্জ্য পদার্থ সংক্রান্ত নীতিমালাঃ

- ❖ কারখানার ভেতরে কোন প্রকার বর্জ্য পোড়ানো (Open Burning) এবং মাটিচাপা (Dumping) দেয়া সম্পূর্ণ নিষেধ।
- ❖ সকল প্রকার বর্জ্য তাদের বৈশিষ্ট্য অনুযায়ী (বিপজ্জনক-Hazardous) ও অবিপজ্জনক-Non-Hazardous) সম্পূর্ণ পৃথকস্থানে সংরক্ষণ করে রাখতে হবে।
- ❖ সংগৃহীত বর্জ্য নিয়ম অনুযায়ী নির্দিষ্ট ঠিকাদারের কাছে হস্তান্তর করতে হবে।
- ❖ যে কোন ধরনের বর্জ্য, পচনশীল বা অপচনশীল বর্জ্য খোলাভাবে ফেলে রাখা যাবে না; কোন ঢাকনাযুক্ত বা ঢাকনাহীন ডাষ্টবিনে জমা করতে হবে ।
- ❖ ঝুট বিক্রির পর অবশিষ্ট বিক্রয় অযোগ্য আবর্জনা/বর্জ্য পদার্থ বর্জ্যবাহী গাড়ীতে করে বর্জ্য ডাম্প করার০০ স্থানে ফেলে আসার ব্যবস্থা করতে হবে ।
- ❖ বিভিন্ন নির্মিতব্য বিল্ডিং/ইমারত অথবা কারখানার সংস্কারের কাজে ব্যবহৃত নির্মান সামগ্রীর উচ্ছিষ্ট আবর্জনা নির্মানকারী কোম্পানী/সংস্থার নিজ দায়িত্বে অপসারন করতে হবে ।

❖ অপচয় রোধ নীতিমালা ঃ

(ক) পানি ঃ

১। বিশুদ্ধ পানি পান করতে হবে এবং পানি যেখানে সেখানে ফেলা যাবে না। গ্লাস বা প্লেট ধোয়ার জন্য অতিরিক্ত পানি নষ্ট করা যাবে না। পানির টেপ অবশ্যই বন্ধ রাখতে হবে।

২। বাথরুম বা টয়লেটের পানির কলগুলো ব্যবহারের পর অবশ্যই বন্ধ করে দিতে হবে এবং কোথাও পানির পাইপে লিকেজ হলে তা কর্তৃপক্ষকে জানাতে হবে।

৩। হাত ধোয়ার বেসিনে এবং ডাইনিং হলে ব্যবহারের পর অবশ্যই পানির কল বন্ধ করে দিতে হবে।

(খ) বিদ্যুৎ ঃ

১। যেখানে যতটুকু বিদুতের প্রয়োজন ততটুকু বিদ্যুৎ ব্যবহার করবে। অপ্রয়োজনে বাতি, ফ্যান বা এসি চালু/খোলা রাখা যাবে না।

২। কখনো মেশিনের সুইচ অন করে মেশিন ত্যাগ করা যাবে না। মেশিন হতে উঠে গেলে অবশ্যই মেশিনের বিদ্যুৎ কানেকশন অফ করে দিতে হবে।

৩। ছুটির পরে বা আহার বিরতির সময় অবশ্যই বাতি ফ্যান অফ করে দিতে হবে যাতে অযথা বিদ্যুৎ ব্যয় না হয়।

৪। এনার্জি সেভিং বাল্ব ব্যবহার করে বিদ্যুতের খরচ কমাতে হবে।

৫। যেখানে সুর্যের আলো ব্যবহার করা যায় সেখানে সুর্যেও আলো ব্যবহার করতে হবে।

(গ) বস্তুর পুণঃ ব্যবহার ঃ

১। কারখানার অনেক জিনিস বা বস্তু আছে যা পুণঃ ব্যবহার করা যায়। সুতরাং ঐগুলি যাতে পুণঃ পুণঃ ব্যবহার করা যায় তার ব্যবস্থা করতে হবে। যেমন- পানি, কাগজ, বিভিন্ন ধরনের পাত্র/ প্যাকেট, পলিথিন ইত্যাদি।

২। কাগজ যথাসম্ভব উভয় পৃষ্ঠা ব্যবহার করতে হবে।

❖ উপসংহার ঃ

ক। শুধু প্রশাসনের পক্ষে এককভাবে পরিবেশ সংরক্ষন করা সম্ভব নয়। এ ব্যাপারে সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীকে মনোযোগী ও আন্তরিক হতে হবে।

খ। কারখানা এলাকায় দূর্ঘটনাজনিত কারনে অতি দ্রুত পরিবেশ বিনষ্ট হবার আশংকা থাকে বিধায় এ ব্যাপারে সকলকে সচেতন থাকতে হবে। এ ছাড়ার ফ্যাক্টরী দূর্ঘটনাজনিত কারনে পরিবেশ বিপর্যয় এড়াতে বিস্তারিত নির্দেশাবলী প্রণয়ন করবে এবং সংশ্লিষ্ট সকলকে তা' নিয়মিত অবহিত রাখতে হবে।

গ। কোন সেকশন ইনচার্জ যদি কখনো খেয়াল করেন যে তার দায়িত্বাধীন এলাকা কোন পরিবেশ দূষণ করছে তবে তৎক্ষনাৎ তিনি তা ম্যানেজার (কমপ্ল্যায়েন্স এন্ড ই.এম.এস)-এর সাথে আলোচনা সাপেক্ষে প্রতিকারের ব্যবস্থা করবেন ।

**উক্ত নীতিমালা সম্পর্কে কারখানার সকল শ্রমিক, কর্মকর্তা ও কর্মচারীদেরকে প্রশিক্ষণ প্রদান করতে হবে।**